

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০৪৪.১৩- ২১০৬৪/৮(৭৬)

তারিখ: ০৬/০৬/২৪৬০ ৪ঃ
২৬/০৬/২০২৬ ৫ঃ

বিষয় : আসন্ন শারদীয়া দুর্গাপূজা-২০২৩ উদযাপন উপলক্ষে অগ্নিনিরাপত্তা বিষয়ক নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এ বছরেও শারদীয়া দুর্গাপূজা মাসিক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ২০ অক্টোবর হতে ২৪ অক্টোবর-২০২৩ খ্রিঃ পর্যন্ত উদযাপিত হতে যাচ্ছে। এত দুপলক্ষে সমগ্রদেশের পূজামন্ডপগুলোর শান্তি শৃঙ্খলা এবং নিরাপত্তা বজায় রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। যাতে যে কোন অশুভ শক্তি ও স্বার্থরোধী মহল সম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে না পারে, সে দিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে ও সতর্ক থাকতে হবে। তাই সকল বিভাগীয় শহর/জেলা সদর ও উপজেলার পূজামন্ডপগুলো সরেজমিনে পরিদর্শন ও পূজা কমিটির সম্মানিত সদস্যদের সাথে যোগাযোগ রক্ষা করে স্থানীয় প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের মাধ্যমে যে কোন অনাকাঙ্ক্ষিত ও আপদকালীন পরিস্থিতিতে তাৎক্ষণিক সেবা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহ:

- ১। সমগ্রদেশের পূজামন্ডপ কমিটিসহ দায়িত্বরতদের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে অগ্নি প্রতিরোধ ও অগ্নিনির্বাপন বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান।
- ২। প্রতিটি পূজামন্ডপ সরেজমিনে পরিদর্শন করে আওতাধীন এলাকার সকল পূজামন্ডপের তালিকা সংগ্রহপূর্বক কমিটির মোবাইল নম্বরসহ আগামী ১৫-১০-২০২৩ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ।
- ৩। স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক গুরুত্বপূর্ণ পূজামন্ডপে গাড়ি/পাম্প/ফায়ার এক্সটিংগুইসারসহ ০১টি অগ্নিনির্বাপন ইউনিট ও গ্র্যান্ডুলেপ গাড়ি নিয়োজিত রাখতে হবে এবং স্থানীয় ভলান্টিয়ারদের সহযোগিতায় পূজামন্ডপ কমিটির উদ্যোগে অগ্নিনির্বাপক যন্ত্রসহ একটি ফায়ার ফাইটিং টিম গঠন নিশ্চিত করা।
- ৪। যে সকল ফায়ার স্টেশনে টু-হইলার ওয়াটারমিস্ট/মটর সাইকেল বরাদ্দ প্রদান করা হয়েছে। সে সব এলাকার পূজামন্ডপে টু-হইলার ওয়াটারমিস্ট মটর সাইকেল দিয়ে টহল ডিউটির ব্যবস্থা।
- ৫। প্রতিটি পূজামন্ডপে ০৫ কেজি ওজনের এবিসি ড্রাই কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইসার ও অগ্নিনির্বাপক যন্ত্র রাখার জন্য স্থানীয় পূজা কমিটিকে পত্রের মাধ্যমে অনুরোধ করা ও বিষয়টি জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত দুর্গাপূজার সভায় উপস্থাপন করা।
- ৬। প্রতিটি পূজামন্ডপের কমিটি ও স্থানীয় ভলান্টিয়ারদের সাথে ফায়ার স্টেশন কর্তৃপক্ষ সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবে এবং তাদের টেলিফোন নম্বর সংগ্রহে রাখা।
- ৭। পূজামন্ডপে ফায়ার সার্ভিসের জরুরি টেলিফোন নম্বরসহ দুর্ঘটনা-দুর্যোগে করণীয় সম্পর্কে লিফলেট বিতরণ করা।
- ৮। পূজামন্ডপে অগ্নি প্রতিরোধক বৈদ্যুতিক তার/মান সম্পন্ন বৈদ্যুতিক তার বিদ্যুতের লোড অনুযায়ী ব্যবহারসহ অতি দাহ্যবস্তু ব্যবহার হতে বিরত থাকার জন্য স্থানীয় পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান।
- ৯। প্রতিটি পূজামন্ডপে আলোক সজ্জার জন্য ব্যবহারকৃত বৈদ্যুতিক ক্যাবল যাতে এলোমেলো অবস্থায় না থাকে বা অপরিষ্কৃত ভাবে সাজ-সজ্জার বৈদ্যুতিক তারের জন্য জরুরি মূহর্তে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপন গাড়ি যাতায়াতে যাতে বাধাগ্রস্ত না হয়। সে দিকে লক্ষ্য রাখার জন্য পূজা কমিটিকে পরামর্শ প্রদান।
- ১০। অসাধনতাই অগ্নিকাণ্ডের প্রধান কারণ। তাই প্রতিটি পূজা মন্ডপে ধর্মীয় আচারাদির কারণে প্রজ্বলিত মোমবাতি, খোলাবাতি, ধূপবাতি সতর্কতার সাথে ব্যবহার করতে পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান।
- ১১। স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা এবং তাদের টেলিফোন/সেল নম্বর সংগ্রহে রাখা।
- ১২। যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবিলার জন্য বিভাগীয় শহর/জেলা/উপজেলা/ফায়ার স্টেশনে একটি Quick Response Team প্রস্তুত রাখা।
- ১৩। ঢাকা ও চট্টগ্রামে বিশেষ পরিস্থিতি মোকাবিলার জন্য হাজমত টীম (কেমিক্যাল) প্রস্তুত রাখা।
- ১৪। পূজামন্ডপে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের ফুল পিপিই, মাস্ক পরিধান করে বিশেষ সতর্কতা অবলম্বন করে ডিউটি পালন করা।

উপরোক্ত বিষয়টি তাঁর আওতাধীন সকল দপ্তর/স্টেশনে পত্র জারি ও তদারকি করতে হবে।


০৬/০৬/২৬

লেঃ কনেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপ-পরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(প্রঃ উঃ পঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সংশ্লিষ্ট সকল) [তাঁর আওতাধীন জেলার পূজামন্ডপ সমূহে আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় (Contingency plan) আগামী ১৫-১০-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে]।
- ৫। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....**মুস্তাফিজ**.....(সংশ্লিষ্ট সকল)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয়/বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ (তাকে বার্তাটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করে ডিউটিরত কর্মকর্তা/কর্মচারীদের ডিউটি তদারকি করে তা সময় সময় অধিদপ্তরের কর্তৃপক্ষকে অবহিত করতে অনুরোধ করা হলো)।